

ক্যাডেট কলেজে ভর্তি পরীক্ষা ২০২৩

মডেল টেস্ট-১

(বিষয়ঃ বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৩০০

বাংলা - ৬০ নম্বর

সঠিক উত্তরে টিক চিহ্ন দাও :

১×২০=২০

১। ক্রিয়াপদের মূল অংশকে কী বলা হয়?

ক প্রকৃতি

খ বিভক্তি

গ ধাতু বা ক্রিয়ামূল

ঘ প্রত্যয়

২। সন্ধির অন্যতম উদ্দেশ্য কী?

ক ধ্বনিগত মাধুর্য সম্পাদন

খ উচ্চারিত সন্ধি বর্জন

গ ধীরে উচ্চারণ

ঘ দ্রুত উচ্চারণ

৩। বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন কে?

ক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

খ রবীন্দ্রনাথ ঠাকুর

গ প্যারীচাঁদ মিত্র

ঘ প্রমথ চৌধুরী

৪। ‘শুভেচ্ছা’—এই সন্ধিতে কোন সূত্রের প্রয়োগ হয়েছে?

ক আ+ই=এ

খ অ+ই=এ

গ আ+ঈ=এ

ঘ অ+ঈ=এ

৫। ‘১৯৭১ সালে আমাদের মুক্তিযুদ্ধ হয়।’ —এটি কোন কালের উদাহরণ?

ক সাধারণ বর্তমান

খ ঐতিহাসিক বর্তমান

গ সাধারণ অতীত

ঘ সাধারণ ভবিষ্যৎ

৬। ‘প্রসন্ন’ শব্দের সমার্থক শব্দ কোনটি?

ক উত্তম

খ মধ্যম

গ সন্তুষ্ট

ঘ স্বাভাবিক

৭। ‘তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি।’ —এটি কোন ধরনের বাক্য?

ক জটিল

খ সরল

গ যৌগিক

ঘ বিস্ময়সূচক

৮। নিত্য স্ত্রী-বাচক শব্দ কাকে বলে?

ক যে স্ত্রী-বাচক শব্দ দ্বারা মহিলাকে বোঝায়

খ যে স্ত্রী-বাচক শব্দ দ্বারা ছাত্রীকে বোঝায়

গ যে স্ত্রী-বাচক শব্দে কোন পুরুষ-বাচক শব্দ নেই

ঘ যে স্ত্রী-বাচক শব্দে শুধু স্ত্রীলোকদের বোঝায়

৯। ভাষার মৌলিক উপাদান কয়টি?

ক দুটি

গ চারটি

খ তিনটি

ঘ ছয়টি

১০। কোন বানানটি শুদ্ধ?

ক বিকিরণ

গ বিকিরন

খ বিকীরণ

ঘ বীকীরণ

১১। ‘নদী’র সমার্থক নয় কোনটি?

ক তটিনী

গ তরঙ্গিনী

খ স্রোতস্থিনী

ঘ সাগর

১২। জ্বর হলেও মিনু কাউকে বলে নাই কেন?

ক জ্বর হওয়াকে অপরাধ মনে করে

খ পিসির ভয়ে

গ জ্বর তেমন কোনো রোগ নয় বলে

ঘ মিনু বুঝতে পারেনি জ্বর কী

১৩। কে সুখ লাভ করবে?

ক যে উপকার করবে

খ যে জীবনসংগ্রামে জয়ী হবে

গ যে আত্মসচেতন হয়ে উঠবে

ঘ যে বীরত্বের সঙ্গে যুদ্ধ করবে

১৪। কামিনী রায়ের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

ক নির্মাণ

গ আলো ও ছায়া

খ আশোকসংগীত

ঘ প্রতিপত্তি

১৫। কোন পাহাড় কবিকে ডাকে?

ক লাল দিঘি

গ মিনার

খ উটকো পাহাড়

ঘ কোনোটিই নয়

১৬। ‘নীর’ শব্দটির অর্থ কী?

ক পাখির বাসা

গ অভাব

খ পানি

ঘ আতিশয্য

১৭। ‘রক্তকরবী’ গ্রন্থটি কার লেখা?

ক রবীন্দ্রনাথ ঠাকুরের

গ জয়নুল আবেদিনের

খ জসীমউদ্দীনের

ঘ শামসুর রাহমানের

১৮। ‘কপোত’ শব্দের সমার্থক কোনটি?

ক পায়রা

গ পারাবত

খ কবুতর

ঘ সবগুলোই

১৯। কোনটি ‘পাহাড়’ শব্দের সমার্থক শব্দ নয়?

ক পর্বত

গ অদ্ভি

খ শৈল

ঘ ধরণী

২০। সার্থক বাক্যের কয়টি গুণ থাকা আবশ্যিক?

ক) ২টি

খ) ৩টি

গ) ৪টি

ঘ) ৫টি

২১। কারক ও বিভক্তি নির্ণয় করো :

১×৫ = ৫

ক. জনসেবা কর—

খ. তিলে তৈল হয়—

গ. কামান দ্বারা মশা মারা যায় না—

ঘ. বাবা বাড়ি নেই—

ঙ. ফুল তোল—

২২। নিচের লেখকদের উপাধি লেখো :

১×৫ = ৫

ক. রবীন্দ্রনাথ ঠাকুর—

খ. সত্যেন্দ্রনাথ দত্ত—

গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর—

ঘ. গোলাম মোস্তফা—

ঙ. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়—

২৩। এককথায় প্রকাশ করো :

১×৫ = ৫

ক. মনে যার জন্ম—

খ. পান করার ইচ্ছা—

গ. কর্তব্য কী তা বুঝতে না পারা—

ঘ. টাকা তৈরি হয় এইরূপ কারখানা—

ঙ. চক্ষুর অগোচরে সংগঠিত—

২৪। প্রকৃত নাম লেখো :

০.৫×৫ = ২.৫

ক. ভানুসিংহ—

খ. বীরবল—

গ. বনফুল—

ঘ. যাযাবর—

ঙ. গাজী মিয়া—

২৫। বিপরীত শব্দ লেখো :

০.৫×৫ = ২.৫

ক. অনুকূল—

খ. প্রস্থান—

গ. অমৃত—

ঘ. জ্যেষ্ঠ—

ঙ. সন্ন্যাসী—

২৬। বাগধারা দিয়ে সার্থক বাক্য রচনা করো :

১×৫ = ৫

ক. কাটা ঘায়ে নুনের ছিটা

খ. কুল কাঠের আগুন


গ. খাল কেটে কুমির আনা

ঘ. অরণ্যে রোদন

ঙ. অগাধ জলের মাছ

২৭। বাংলাদেশের জাতীয়সংগীত লেখো।

৫



২৮। বাংলাদেশের যেকোনো একটি জাতীয় দিবস সম্পর্কে লেখো।

৫

২৯। সারমর্ম লেখো

৫

সুখের সাথী মুখের পানে যদি না চাহে

ধৈর্য ধরে থাকিস।

তীব্র দুঃখ যদি আসে নেমে

বুক ফুলিয়ে দাঁড়াস।

আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙ্গে

উর্ধ্বে দু'হাত বাড়াস।

English - ১০০ নম্বর

1. Use prefix or suffix to change as directed in the brackets: 1×5=5

- a. Nutrition (make it negative)—
- b. Black (make it verb)—
- c. Wisdom (make it adjective)—
- d. Strength (make it adjective)—
- e. Dark (make it verb)—

2. Fill in the gaps with appropriate preposition: 1×5=5

- a. The man begs_____door to door.
- b. Industry is the key_____success.
- c. The boy takes_____his father.
- d. Open_____page 52.
- e. Parents should not wink_____their sons' faults.

3. Fill in the gaps with appropriate conjunction: 1×5=5

whether, as well as, such, lest, otherwise, if, and.

- a. A teacher knows_____a student reads or not.
- b. Ibrahim_____his friends has joined the function.
- c. Be sincere_____you will repent.
- d. Come to visit my home_____you can.
- e. Walk_____fast_____you should miss the class.

4. Use the right form of verbs: 1×5=5

- a. It was a long time since she (meet) her father. —
- b. If I had been a king, I (help) the poor. —
- c. Our guests (arrive) just now. —

d. The boys (watch) the television at this moment. —

e. He (leave) the house before we went to bed. —

5. Name the parts of speech of the underlined words:

1×5=5

a. Let me go now. —

b. Alas! I am undone. —

c. The patient died after the doctor had come. —

d. The patient will come after an hour. —

e. The woman is quite pretty. —

6. Combine each pair of sentences as directed:

1×5=5

a. She is very weak. She cannot walk. (Use 'too...to')

b. I had money. I could pay the bill. (Use 'enough')

c. Be curious. You can learn a lot of things. (Use 'without')

d. I want to read. Please light the lamp. (Use 'so that')

e. Eat a balanced diet. You will become healthy. (Use 'by')

7. Translate into English:

1×5=5

a. ইচ্ছা থাকলে উপায় হয়।

b. চরিত্রবান লোককে সকলেই সম্মান করে।

c. ভিক্ষুকটি দ্বারে দ্বারে ভিক্ষা করছে।

d. আজ খুব ঠান্ডা, তাই না?

e. দশটা বাজতে দশ মিনিট বাকি।

8. Fill in the blanks with a simple word:

1×5=5

a. A man who mends shoes is a_____.

b. The son of a king_____.

c. One who makes furniture_____.

d. One who cooks is a_____.

e. The story of a person's own life_____.

9. Change the voices of the following:

1×5=5

a. I have done the work just now.

b. Promise should be kept.

- c. Panic seized the young man.
- d. Where did you find these books?
- e. Do not insult the weak.

10. Correct the following sentences:

1×5=5

- a. He is senior than me. —
- b. Why you went there? —
- c. The boy sank in the river. —
- d. Chinese are brave nation —
- e. I like coffee more than tea. —

11. Put a word in the gaps from the list matching their meanings. 1×5=5

hard, Close, alone, shine, soon, shout, tired.

- a. _____ = without any other.
- b. _____ = not far in position.
- c. _____ = within a short time.
- d. _____ = requires a lot of physical effort.
- e. _____ = in need of rest.

12. Transform the following sentences:

1×5=5

- a. He insisted that I should go. (Simple)
- b. He is honest in spite of his poverty. (Compound)
- c. Such an old thing is of no use. (Interrogative)
- d. Work hard and prosper. (Complex)
- e. He always speaks the truth. (Negative)

13. Rearrange the following words:

1×5=5

- a. thing/little/is/a/learning/dangerous/a
- b. flock/of/feather/the/birds/together/same
- c. workman/tools/bad/with/a/his/quarrels

d. yard/and/and/housewife/a/is/she/house/her/in/works/she

e. a/got/to/scholarship/study/has/Canada/in/Raiyan

14. Rearrange the following sentences in order to give it a sense: 5

He belonged to a rich family. He gave up his luxurious life and started to think deeply about Creator and His creations. He wrote a lot of songs. His songs were popular all over Bangladesh and beyond. Hason Raja was born in Sylhet.

15. Write about the most exciting match you witnessed in the 2022 FIFA World Cup. 7

16. Imagine, you have been given the ability to become anyone/anything for one year. Who/What would you choose to be and what would you do? Write at least 100 words. 7



17. Write ten sentences to complete the following:


7

It is easy to understand now that the global warming and climate change are caused by humans on earth...

18. Write:

5+4=9

a. Why do you want to study in a cadet college?



b. What will you do if you do not get chance in a cadet college?

গণিত - ১০০ নম্বর

বিভাগ-ক

১×২০=২০

সঠিক উত্তরে টিক চিহ্ন দাও :

১। ২ : ৩ = ৮ : □ খালি ঘরে কোন সংখ্যাটি হবে?

ক ১২

খ ১৪

গ ১৬

ঘ ২০

২। সমানুপাতের দ্বিতীয় ও তৃতীয় রাশিকে বলে—

ক মধ্য রাশি

খ প্রান্ত রাশি

গ মিশ্র রাশি

ঘ ত্রমিক রাশি

৩। আলমের বয়স কমলের বয়সের ৮০% হলে কমলের বয়স আলমের বয়সের—

ক ২০%

খ ৮০%

গ ১১৬%

ঘ ১২৫%

৪। ক অপেক্ষা খ ২০ % নম্বর কম পায়। খ অপেক্ষা ক বেশি পায়—

ক ২০%

খ ২২.৫%

গ ২৫%

ঘ ২৭.৫%

৫। ১ থেকে ১০০ পর্যন্ত মৌলিক সংখ্যা কয়টি?

ক ২২

খ ২০

গ ২৫

ঘ ৩০

৬। ১ : ১ কে শতকরায় প্রকাশ করলে কত হবে?

ক ১৫%

খ ৩%

গ ১০০%

ঘ ২০%

৭। ২০ জন লোক একটি কাজ ১০ দিনে পারে। ঐ কাজ ৫ দিনে সম্পন্ন করতে হলে কতজন লোক দরকার হবে?

ক ২০ জন

খ ৪০ জন

গ ৩০ জন

ঘ ৬০ জন

৮। ৩০ কোন সংখ্যার ৫%?

ক ১০০

খ ৪০০

গ ৫০০

ঘ ৬০০

৯। ১৩.৫, ১৯.৫, ১৫.৫, ১৭.৫, ২১.৫ সংখ্যাগুলোর গড় মান কত?

ক ১৬.৫

খ ১৭.৫

গ ১৮.৫

ঘ ২০.৫

১০। $a=-2$ হলে $2a^3$ এর মান কত?

ক 12

খ -12

গ -16

ঘ 16

১১। $4x^6 \times x^3$ এ x এর সর্বোচ্চ সূচক কত?

ক 6

খ 3

গ 9

ঘ 4

১২। ২ : ৩ অনুপাতের পূর্ব রাশির সাথে কত যোগ করলে অনুপাতটি ৫ : ১ হবে?

ক -১৩

খ ৬

গ ১৩

ঘ ৭

১৩। $a=-1$ এবং $b=-2$ হলে $8a^3-2b^2=$ কত?

ক -16

খ -20

গ 32

ঘ 15

১৪। a^2-a হতে b^2-b বিয়োগ করলে কত হবে?

ক a^2-ab^2-b

খ a^2-b^2-a+b

গ a^2-a+b^2-b

ঘ a^2-b^2-b+a

১৫। $a=3$, $b=-2$, $c=-1$ হলে $(-a- b- c)$ এর মান কত?

ক 0

খ 1

গ 9

ঘ 8

১৬। যদি $x+\frac{1}{x}=2$ হয়, তাহলে x এর মান কত?

ক 2

খ -1

গ 1

ঘ 3

১৭। তলের মাত্রা কয়টি?

ক ১ টি

খ ২ টি

গ ৩ টি

ঘ কোন মাত্রা নেই

১৮। একটি সূক্ষ্ম কোণের পূরক কোণ কোনটি?

ক সমকোণ

খ সরল কোণ

গ স্থূলকোণ

ঘ সূক্ষ্মকোণ

১৯। একটি ত্রিভুজের দুই কোণের সমষ্টি তৃতীয় কোণের সমান। ওই কোণটি কেমন কোণ?

ক সমকোণ

খ সরল কোণ

গ স্থূলকোণ

ঘ সূক্ষ্মকোণ

২০। একটি কোণের সম্পূরক কোণ ওই কোণের তিন গুণের সমান। ওই কোণটি কত ডিগ্রি?

ক ৬০°

খ ৪০°

গ ৪৫°

ঘ ৯০°

বিভাগ-খ

২×২০=৪০

২১। ১২টি আম, ১৬টি লিচু, ২৪টি কলা সর্বোচ্চ কতজনের মাঝে সমানভাবে ভাগ করা যাবে?

২২। পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি ৬০ বছর। ১৫ বছর পর পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হলে পুত্রের বর্তমান বয়স কত?

২৩। আসল কত টাকা হলে ৫ বছরের সরল সুদাসল ১০০০০ টাকা এবং ১০ বছরের সরল সুদাসল ১২০০০ টাকা হবে?

২৪। ১০০ টাকায় ১২টি লিচু কিনে ১২০ টাকায় ১০টি লিচু বিক্রি করলে শতকরা কত লাভ হবে?

২৫। $x - y = 2$ এবং $x^2 - y^2 = 16$ হলে x এর মান কত?

২৬। যদি m ও n এর গড় ৫০ এবং p ও q এর গড় ৭০ হয় তাহলে m, n, p, q এর গড় কত?

২৭। একজন লোক একদল সৈন্যকে প্রশ্ন করল তোমরা কতজন আছ? সৈন্য উত্তর দিল, আছি যত আসবে তত, তার অর্ধেক, তার সিকি, তোমাকে নিয়ে শতজন। সৈন্যের সংখ্যা কত?

২৮। বার্ষিক ১২% মুনাফায় কত বছরে ১০,০০০ টাকার মুনাফা ৪৮০০ টাকা হবে?

২৯। ১ হতে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের সমষ্টি কত?

৩০। দুটি সংখ্যার গুণফল ৩৩৮০ এবং গসাণ্ড ১৩। সংখ্যা দুটির লসাণ্ড কত?

৩১। ত্রিভুজ ABC এর $A=45^\circ$, $B=45^\circ$ হলে ত্রিভুজ ABC কোন ধরনের ত্রিভুজ?

৩২। If $a+b=8$ and $ab=12$, then find the value of a^2+b^2 ?

৩৩। If $x+y=3$ and $x=2$, what is the value of x^2+y^2 ?

৩৪। If $2x - y=4$, then how much is $6x - 3y$?

৩৫। বেমানান সংখ্যাটি বের করো :

2, 4, 8, 10, 16, 32?

৩৬। রুমির বেতন বাবুর বেতনের চেয়ে ২৫% বেশি। বাবুর বেতন রুমির বেতনের চেয়ে শতকরা কত ভাগ কম?

৩৭। এই ধারার পরবর্তী নম্বর কত হবে?

৩, ৬, ১৮, ৭২, ...।

৩৮। খ এর দৈনিক আয় ক এর দ্বিগুণ এবং গ এর দৈনিক আয় খ এর দ্বিগুণ। তাদের তিনজনের আয়ের যোগফল ১১২০ টাকা হলে গ এর দৈনিক আয় কত টাকা?

৩৯। একটি কলম ও দুটি পেনসিলের মূল্য একত্রে ৬৮ টাকা। যদি একটি কলমের মূল্য একটি পেনসিলের মূল্যের চেয়ে ৫ টাকা বেশি হয়, তবে পেনসিলের মূল্য কত?

৪০। কোনো সংখ্যার $\frac{1}{3}$ অংশ থেকে $\frac{1}{8}$ অংশ বিয়োগ করলে বিয়োগফল ২০ হয়।

সংখ্যাটি কত?

বিভাগ-গ

৪×৮ = ৩২

৪১। নিচের প্রশ্নের উত্তর দাও।

ক. একটি পানিভর্তি বালতির ওজন ২৬ $\frac{১}{২}$ কেজি। বালতির $\frac{১}{২}$ অংশ পানিভর্তি থাকলে তার ওজন ১৪ $\frac{১}{২}$ কেজি হয়। খালি বালতির ওজন নির্ণয় করো।

খ. ২০০ ও ৩০০ এর মধ্যবর্তী কোন কোন সংখ্যাকে ১২, ১৫, ২০ ও ৬০ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ভাগশেষ ১০ থাকে?

গ. একটি ট্রেনের বেগ ঘণ্টায় ৭৫ কিলোমিটার। ট্রেনটির দৈর্ঘ্য ১৮০ মিটার হলে, ৩২০ মিটার দৈর্ঘ্য একটি প্ল্যাটফর্ম অতিক্রম করতে ট্রেনটির কত সময় লাগবে?

ঘ. ৪ জন পুরুষ বা ৬ জন স্ত্রীলোক যে কাজ ১৫ দিনে করতে পারে, ৮ জন পুরুষ এবং ১৮ জন স্ত্রীলোক ওই কাজ কত দিনে করতে পারবে?

ঙ. দুটি সংখ্যার বিয়োগফল ২৫। এদের মধ্যে বৃহত্তম সংখ্যাটির চারগুণ ক্ষুদ্রতম সংখ্যাটির পাঁচ গুণের সমান। সংখ্যা দুটি কত?

চ. একজন ঠিকাদার ৩০ দিনে একটি কাজ করার চুক্তি করে ৩০ জন লোক নিয়োগ

করল। কিন্তু ২০ দিন পর দেখা গেল কাজের মাত্র অর্ধেক শেষ হয়েছে। নির্ধারিত সময়ে কাজটি শেষ করতে হলে অতিরিক্ত কতজন লোকের প্রয়োজন হবে?

ছ. দুটি সংখ্যার সমষ্টি ৩২০ ও অন্তর ২০। সংখ্যা দুটি কী কী?

জ. চাঁদার সাহায্য ব্যতীত 60° একটি কোণ আঁকো এবং একে সমদ্বিখণ্ডিত করো।

বিভাগ-ঘ

১×৮=৮

৪২। সংক্ষেপে উত্তর দাও।

ক. সমকোণী ত্রিভুজের একটি সূক্ষ্মকোণ 50° হলে অপর সূক্ষ্মকোণটির পরিমাণ কত?

খ. একটি ত্রিভুজে কমপক্ষে কয়টি সূক্ষ্মকোণ থাকে?

গ. 50° কোণের সম্পূরক কোণ কত?

ঘ. রশ্মির কয়টি প্রান্ত বিন্দু থাকে?

ঙ. 90° কোণের একান্তর কোণ কত?

চ. কোন চতুর্ভুজের কেবল একজোড়া বাহু সমান্তরাল হলে তাকে কী বলে?

ছ. বৃত্তের কেন্দ্রে উৎপন্ন কোণের পরিমাণ কত?

জ. ত্রিভুজের $\angle ABC + \angle BAC = 90^\circ$ এবং $\angle ABC \neq \angle BAC$ হলে ত্রিভুজটি কোন ধরনের?

সাধারণ জ্ঞান - ৪০ নম্বর

সংক্ষেপে উত্তর দাও :

১×৩৬= ৩৬

- ১। বাংলাদেশের সংবিধানের মূলনীতি কয়টি?
- ২। কাতার বিশ্বকাপ ফুটবলে গোল্ডেন বল কে লাভ করেন?
- ৩। কোন ভিটামিনের অভাবে রিকেট রোগ হয়?
- ৪। টিউবারকুলোসিস (যক্ষা) শরীরের কোন অঙ্গের রোগ?
- ৫। বাংলাদেশ-ভারত সর্বশেষ এক দিনের ক্রিকেটে ম্যান অব দ্য ম্যাচ সিরিজ কে হন?
- ৬। বাংলাদেশকে স্বীকৃতি দানকারী মধ্যপ্রাচ্যের প্রথম দেশ কোনটি?
- ৭। ব্লু ইকোনোমি কী?
- ৮। সবচেয়ে বড় মুসলিম দেশ (জনসংখ্যা) কোনটি?
- ৯। এশিয়ার দীর্ঘতম নদী কোনটি?
- ১০। ‘এক নদী রক্ত পেরিয়ে’ গানটির গীতিকার কে?
- ১১। চা-পাতায় কোন ভিটামিন থাকে?
- ১২। ফিফার বর্তমান প্রেসিডেন্ট কে?
- ১৩। বাঙালির মুক্তির সনদ ‘হয় দফা’ কত তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছিল?
- ১৪। রাশিয়া কত তারিখে ইউক্রেন আক্রমণ করে?
- ১৫। থার্মোমিটারে কোন পদার্থ থাকে?
- ১৬। বাংলাদেশের জাতীয় স্লোগান কী?
- ১৭। পায়রা তাপ বিদ্যুৎকেন্দ্র কোথায় অবস্থিত?
- ১৮। সৌদি আরবের প্রধানমন্ত্রীর নাম কী?
- ১৯। মুক্তিযুদ্ধে বীরত্বসূচক অবদানের জন্য কী কী খেতাবে ভূষিত করা হয়?
- ২০। বর্তমানে পৃথিবীর জনসংখ্যা কত কোটি?
- ২১। ‘জোছনা ও জননীর গল্প’ গ্রন্থের রচয়িতা কে?
- ২২। নোবেল শান্তি পুরস্কার-২০২২ লাভ করেন কে?
- ২৩। প্রতিবছরের কোন তারিখ জাতিসংঘ দিবস হিসেবে পালিত হয়?

- ২৪। জাতিসংঘ বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত?
- ২৫। গ্রিনল্যান্ড কোন দেশ দ্বারা শাসিত?
- ২৬। ২০২২ সালের জন্য ইউএন উইমেন নির্বাহী বোর্ডের সভাপতি রাবাব ফাতিমা কোন দেশের অধিবাসী?
- ২৭। স্পেসএক্সের প্রতিষ্ঠাতা ও বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান টেসলার প্রধান নির্বাহীর নাম কী?
- ২৮। বাংলাদেশে সর্বশেষ কততম আদমশুমারি অনুষ্ঠিত হয়?
- ২৯। বিশ্বের গভীরতম হ্রদ বৈকাল কোথায় অবস্থিত?
- ৩০। ঢাকায় যাত্রীবাহী মেট্রোরেলের প্রথম চালক কে ছিলেন?
- ৩১। কপ-২৭ জলবায়ু সম্মেলন কোথায় হয়েছিল?
- ৩২। মান্দারিন কোন দেশের ভাষা?
- ৩৩। এই ধারার পরবর্তী সংখ্যাটি কত হবে? ৩, ৬, ১৮, ৭২, _____।
- ৩৪। পরের সংখ্যাটি কত? ১ : ১, ২ : ৪, ৩ : ৯, _____।
- ৩৫। বাংলাদেশের ‘সাদা সোনা’ কাকে বলা হয়?
- ৩৬। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত ‘তিন নেতার মাজার’-এর তিনজন নেতার নাম লেখো

পূর্ণরূপ লেখো :

১×৪ = ৪

- ১। OTP—
- ২। EVM—
- ৩। SAOT—
- ৪। NATO—

মডেল টেস্ট ১ এর উত্তর পেতে চোখ রাখুন
২, ৩, ৪ জানুয়ারির প্রথম আলোর ছাপা পত্রিকার
পড়াশোনা পাতায় এবং ৩-১-২০২৩ তারিখের
পড়াশোনা-প্রথম আলোর ফেসবুক পেইজে